বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)
BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)

নং-৩৯.৩০৭.০০৬.০০.০১.২২৭.২০২০/১৫৬১ তারিখ : ১৯.০৮.২০২০

**অফিস আদেশ**

বিষয়: বিসিএসআইআর-এর অফিস ক্যাম্পাস, গবেষণাগার ও আবাসিক এলাকাসমূহে করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে স্বাস্থ্যনিরাপত্তা সংক্রান্ত নির্দেশাবলী।

বিসিএসআইআর এর অফিস ক্যাম্পাস, গবেষণাগার ও আবাসিক এলাকাসমূহে করোনা ভাইরাসজনিত মহামারীকালীন সময় স্বাস্থ্য নিরাপত্তা সংক্রান্ত নির্দেশনাসমূহ আদিষ্ট হয়ে নিম্নে উল্লেখ করা হলো:-

**ক। বিসিএসআইআর-এর অফিস ক্যাম্পাসে (ঢাকা, রাজশাহী, চট্রগ্রাম, জয়পুরহাট, নয়ারহাট) স্বাস্থ্য নিরাপত্তা সংক্রান্ত নির্দেশসমুহঃ-**

১। বিসিএসআইআর এর সবগলো অফিস ক্যাম্পাস পরিস্কার পরিচ্ছন্ন রাখা;
২। প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীকে মাস্ক ব্যবহার বাধ্যতামূলক;
৩। কোন ধরনের জনসমাগম করা নিষেধ;
৪। নিরাপদ দূরত্ব (০৬ ফুট) বজায় রাখা;
৫। সকল কর্মকর্তা ও কর্মচারী নিজ উদ্যোগে যার যার আসবাবপত্র ও ব্যবহার্য দ্রব্যাদি জীবানু মুক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৬। বিশেষ প্রয়োজন ছাড়া কোন কর্মকর্তা/কর্মচারী অন্য কোন কর্মকর্তা/কর্মচারীর রুমে অবস্থান করতে পারবেন না;
৭। বিসিএসআইআর এর অফিস ক্যাম্পাসের প্রবেশ মুখে প্রতিটি কর্মকর্তা/কর্মচারী/বহিরাগতদের শরীরের তাপমাত্রা পরীক্ষা করা এবং হ্যান্ড সেনিটাইজ করতে হবে;
৮। বহিরাগতদের প্রবেশ সীমিতকরণ করা;
৯। উর্ধ্বতন কর্মকর্তা তার অধস্তন কর্মকর্তা/কর্মচারীর স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে তদারকি করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;
১০। অফিস ক্যাম্পাসের সকল টয়লেট সমূহের পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ;
১১। ডেঙ্গুর প্রাদুর্ভাব রোধকল্পে সকল জলাধার পরিস্কার রাখা এবং মশার প্রজনন স্থলে কীটনাশক ঔষধ স্প্রে করা;

**খ। বিসিএসআইআর-এর সকল গবেষণাগারসমুহে স্বাস্থ্য নিরাপত্তা সংক্রান্ত নির্দেশসমুহঃ-**

১। সকল গবেষণাগারের কর্মকর্তা ও কর্মচারীকে মাস্ক ব্যবহার বাধ্যতামূলক;
২। সকলের সাথে সকলের নিরাপদ দুরত্ব বজায় রাখা;
৩। সকল কর্মকর্তা/কর্মচারী হ্যান্ড সেনিটাইজ করবেন এবং প্রয়োজনবোধে হ্যান্ড গ্লোবস ব্যবহার করবেন;
৪। অহেতুক কারো রুমে অবস্থান না করা;
৫। যদি কোন কর্মকর্তা/কর্মচারীর করোনা রোগ সংক্রান্ত কোন উপসর্গ দেখা দেয় তাহলে ঐ ব্যাক্তি টেলিফোনের মাধ্যমে পরিষদের চিকিৎসক ও তার উর্ধ্বতন কর্মকর্তাকে বিষয়টি জানাবেন এবং তাদের নির্দেশমত ব্যবস্থা গ্রহণ করবেন। এখানে উল্লেখযোগ্য কোন কর্মকর্তা/কর্মচারী মিথ্যা তথ্য প্রদান করলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে (ফোন অফিস : ৫৮৬১০৮০৯, মোবাইল : ০১৭১৫৭৬২৬২৭, ০১৭২৫৪১৫১৩৭);
৬। কোন কর্মকর্তা/কর্মচারী বা তার পরিবারের সদস্যের করোনা টেস্ট পজেটিভ হলে নিজ উদ্যেগে কর্তৃপক্ষকে অবহিত করবেন এবং চিকিৎসকের পরামর্শ অনুযায়ী চলবেন ;

**গ। বিসিএসআইআর এর আবাসিক এলাকা সমুহে করোনা জনিত মহামারীকালীন সময় স্বাস্থ্য নিরাপত্তা সংক্রান্ত নির্দেশসমুহঃ-**

১। প্রতিটি এলোটি যার যার বাসা ও তার আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন;
২। কোন এলোটির বা পরিবারের কোন সদস্যের করোনার উপসর্গ দেখা দিলে বা করোনা টেস্ট পজেটিভ হলে তা পরিষদের চিকিৎসক কে অবহিত করতে হবে এবং চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩। কোন এলোটি বা পরিবারের কোন সদস্য ঐ জেলার বাহিরে অবস্থান করার পর নিজ আবাসিক এলাকায় ফিরে তার নিজ বাসায় দুই সপ্তাহ কোয়ারেন্টাইনে থাকবেন। কর্মকর্তা/কর্মচারীর বেলায় বিষয়টি তার উর্দ্ধতন কর্মকর্তাকে জানাবেন;
৪। সবাই ব্যক্তিগত পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন;
৫। আবাসিক এলাকায় কোন ধরনের জনসমাগম সম্পূর্ন নিষেধ;

(পাতা-২ দ্রষ্টব্য)

ড. কুদরত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।
Dr. Qudrat-I-Khuda Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh.
Fax : 880-2-8613022, E-mail: bcsir@bangla.net, Web site : www.bcsir.gov.bd

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)
BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)



৬। আবাসিক এলাকায় বহিরাগতদের প্রবেশ নিষেধ;

৭। এলোটিরা যার যার নিজ বাসস্থানে অবস্থান করবেন;

৮। বাহিরে চলাফেরা করার সময় মাস্ক ব্যবহার করা বাধ্যতামূলক;

৯। সন্ধ্যার পর কেউ আবাসিক এলাকায় বাসার বাহিরে অবস্থান করবেন না;

১০। যারা বয়স্ক ও অন্যান্য রোগে ভুগছেন এবং গর্ভবতী মহিলারা অবশ্যই স্বাস্থ্য সচেতন হবেন;

১১। জরুরী প্রয়োজন ছাড়া বাড়ির বাহিরে চলাফেরা না করার জন্য অনুরোধ করা যাচ্ছে;

১২। বাড়িতে শিশু ও বয়স্কদের প্রতি সহমর্মিতা ও সহনশীল আচরণ করা জরুরী;

১৩। প্রতিটি আবাসিক এলাকার মসজিদে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে;

১৪। বিসিএসআইআর-এর অফিস ক্যাম্পাস, গবেষণাগার ও আবাসিক এলাকায় সামাজিক দূরত্ব বজায় রেখে দুই জনের অধিক একসাথে চলাফেরা অথবা সমবেত হওয়া যাবে না;

১৫। প্রতিটি আবাসিক এলাকার কল্যান কমিটিকে করোনা রোগসহ অন্যান্য সংক্রামন রোগ রোধকল্পে উপরের প্রতিটি বিষয় তদারকি করতে হবে;

ঘ। উর্পযুক্ত নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে পালন করতে হবে। যে সকল কর্মকর্তা/ কর্মচারী বা নির্ভরশীল ব্যাক্তিগণ উপরোক্ত নির্দেশনাসমূহ অমান্য করবেন তার/তাদের বিরুদ্ধে বিসিএসআইআর কর্মচারী চাকুরি প্রবিধানমালা ১৯৮৯ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঙ। কর্তৃপক্ষের নির্দেশক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

চ। নির্দেশনাসমূহ বিসিএসআইআর-এর সকল কর্মকর্তা/ কর্মচারী ও আবাসিক এলাকায় বসবাসকারী এলটিদের মধ্যে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হল।

২১-০৫-২০২০
(বেনজীর আহাম্মেদ)
সচিব (ভারপ্রাপ্ত)

বিতরণ: কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)।

০১। পরিচালক/ ভারপ্রাপ্ত পরিচালক, পিপি এন্ড পিডিসি, আইএমএমএম, খঞ্জনপুর, বিসিএসআইআর, জয়পুরহাট/ বিসিএসআইআর গবেষণাগার, রাজশাহী/ ডিআরআইসিএম/ বিসিএসআইআর গবেষণাগার ঢাকা/ আইএফআরডি/ আইজিসিআরটি/ আইএফএসটি/ পিএন্ডডি, ঢাকা/ বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম/ আইএনএআরএস/ আইটিটিআই/ বিটিআরআই।

০২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, চামড়া গবেষণা ইনস্টিটিউট, বিসিএসআইআর, নয়ারহাট, সাভার, ঢাকা।

০৩। মেডিক্যাল কনসালট্যান্ট, বিসিএসআইআর, ঢাকা।

০৪। গবেষণা সমন্বয়কারী, বিসিএসআইআর, ঢাকা

০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিসিএসআইআর, ঢাকা।

০৬। পরিচালক (অর্থ ও হিসাব), বিসিএসআইআর, ঢাকা।

০৭। প্রিন্সিপ্যাল লাইব্রেরিয়ান, বিসিএসআইআর, ঢাকা।

০৮। সিনিয়র ইন্ডাস্ট্রিয়াল লিয়াজোঁ অফিসার, গবেষণা ও উন্নয়ন বিভাগ, বিসিএসআইআর, ঢাকা।

০৯। সম্পাদক/ জনসংযোগ কর্মকর্তা, বিসিএসআইআর, ঢাকা।

১০। সভাপতি/ সাধারণ সম্পাদক, সকল আবাসিক এলাকা কল্যান কমিটি, বিসিএসআইআর।

১১। সভাপতি/ সাধারণ সম্পাদক, সকল মসজিদ কমিটি, বিসিএসআইআর।

১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন- ১,২,৩,৪, সেবা শাখা, বিসিএসআইআর, ঢাকা।

১৩। সহকারী নিরাপত্তা কর্মকর্তা, বিসিএসআইআর, ঢাকা।

১৪। প্রধান শিক্ষক, বিসিএসআইআর উচ্চ বিদ্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী।

১৫। একান্ত সচিব, চেয়ারম্যান, বিসিএসআইআর, ঢাকা। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

১৬। একান্ত সহকারী, সদস্য (প্রশাসন), সদস্য (অর্থ), সদস্য (বিঃও প্রঃ), সদস্য (উন্নয়ন), (সচিব) বিসিএসআইআর, ঢাকা (সদস্য ও সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

ড. কুদরত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।
Dr. Qudrat-I-Khuda Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh.
Fax : 880-2-8613022, E-mail: bcsir@bangla.net, Web site : www.bcsir.gov.bd